

উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ০২/০৭/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের মহিলা ও শিশু বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৭/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রেশমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা .....অফিসার, গফরগাঁও।
- ৫। চেয়ারম্যান.....ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

**মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী**

সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।

সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।

সভার তারিখ : ০৯/০৭/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সদস্য সচিব গফরগাঁও উপজেলায় মহিলা বিষয়ক কার্যক্রম নিয়ে আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</p> <p>প্রতি মাসের ১-১৬ তারিখের মধ্যে ভিজিডি বিতরণ সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করার জন্য তিনি সম্মানিত ইউপি চেয়ারম্যানবৃন্দের অনুরোধ জানান।</p> <p>তিনি মাতৃত্ব ভাতার ডাটাবেজ সঠিক সময়ে সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দের অনুরোধ জানান।</p> <p>তাছাড়া তিনি সম্মানিত ইউপি চেয়ারম্যানবৃন্দের ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি গঠন করে এতদসংক্রান্ত কাগজপত্রাদি তাঁর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান। তিনি জানান যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি সংক্রান্ত কাগজপত্রাদি জেলার উর্দ্ধতন কার্যালয়ে প্রেরণ করতে হবে।</p>	<p>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। প্রতি মাসের ১-১৬ তারিখের মধ্যে ভিজিডি বিতরণ সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করার জন্য এবং মাতৃত্ব ভাতার ডাটাবেজ সঠিক সময়ে সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দের অনুরোধ করা হয়। তাছাড়া ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি গঠন করে এতদসংক্রান্ত কাগজপত্রাদি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(রেশমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গফরগাঁও।

তারিখঃ ০৯/০৭/২০২১ খ্রিঃ

স্মারক নং-মহিলা ও শিশু/ গ.ম/২০২১-

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
গফরগাঁও, ময়মনসিংহ।